# মুখতাসার সহীহ আল-বুখারী

হাদিস নাম্বারঃ ১৪৩ [আন্তর্জাতিক নাম্বারঃ ১৮৫]

৪. কিতাবুল অযু (كتاب الوضوء)

পরিচ্ছেদঃ অযুতে সম্পূর্ণ মাথা মাসেহ করা

باب مَسْحِ الرَّأْسِ كُلِّهِ

---

আরবী

□□□- عَنْ عَبْدِ اللَّهِ بْنِ زَيْدٍ: أَنَّ رجلاً قَالَ لَهُ: هَلْ تَسْتَطِيْعُ أَنْ تُرِيَنِيْ كَيْفَ كَانَ رَسُوْلُ الله يَتَوَضَّأُ؟ قَالَ: نَعَمْ. فَدَعَا بماءٍ، فأفرغَ عَلَى يَدَيْهِ ثُمَّ غسَلَهُمَا ثَلاثًا، ثُمَّ أَدْخَلَ يَدَهُ فِي الإِنَاءِ فَمَضْمَضَ وَاسْتَنْشَقَ ثَلاثًا، ثُمَّ غَسَلَ وَجْهَهُ ثلاثاً، ثُمَّ غَسَلَ يَدَيْهِ مَرَّتَيْنِ مَرَّتَيْنِ إِلى الْمِرْفَقَيْنِ، ثُمَّ مَسَحَ رَأسَهُ بِيَدَيْهِ، فَأَقْبَلَ بِهِمَا وَأَدْبَرَ، بَدَأَ بِمُقَدَّمِ رَأسِهِ حَتَّى ذَهَبَ بِهِمَا إِلى قَفَاهُ، ثُمَّ رَدَّهُما إِلى المكانِ الَّذِي بَدَأَ مِنْهُ ثُمَّ غَسَلَ رِجْلَيْهِ. (بخارى:□□□)

বাংলা

১৪৩) আব্দুল্লাহ ইবনে যায়েদ (রাঃ) হতে বর্ণিত, একদা জনৈক ব্যক্তি তাকে বললঃ আপনি কি আমাকে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের অযুর নিয়ম দেখাতে পারবেন? আব্দুল্লাহ ইবনে যায়েদ বললেনঃ হ্যাঁ, পারব। এই বলে তিনি পানি আনতে বললেনঃ পানি আনার পর তিনি পাত্র হতে কিছু পানি হাতে নিয়ে তা দ্বারা দু’বার উভয় হাত ধৌত করলেন। অতঃপর তিনবার কুলি করলেন এবং নাকে পানি দিয়ে নাক ঝাড়লেন। তারপর তিনবার মুখমণ্ডল ধৌত করলেন। তারপর উভয় হাত কনুই পর্যন্ত তিনবার ধৌত করলেন। অতঃপর উভয় হাত দ্বারা মাথার সামনের অংশ এবং পিছনের অংশ মাসেহ করলেন। মাথার সম্মুখ ভাগ থেকে শুরু করে উভয় হাত মাথার পিছন দিক পর্যন্ত নিলেন। তারপর যেখান থেকে শুরু করেছিলেন পুনরায় সেখানে নিয়ে আসলেন। অবশেষে উভয় পা ধৌত করলেন।

## English

To pass wet hands over the whole head during ablution

Narrated Yahya Al-Mazini:

A person asked `Abdullah bin Zaid who was the grandfather of `Amr bin Yahya, "Can you show me how Allah's Messenger (ﷺ) used to perform

ablution?" `Abdullah bin Zaid replied in the affirmative and asked for water. He poured it on his hands and washed them twice, then he rinsed his mouth thrice and washed his nose with water thrice by putting water in it and blowing it out. He washed his face thrice and after that he washed his forearms up to the elbows twice and then passed his wet hands over his head from its front to its back and vice versa (beginning from the front and taking them to the back of his head up to the nape of the neck and then brought them to the front again from where he had started) and washed his feet (up to the ankles).

## ফুটনোট

ইসলামিক ফাউন্ডেশনঃ ১৮৫
ইসলামিক সেন্টারঃ ১৮০

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আলোকিত প্রকাশনী  বর্ণনাকারীঃ আবদুল্লাহ্ ইবন যায়দ (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=88839

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন